



অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd
e-mail: ngdcrajbd@yahoo.com
ফোন: ০২৫৮৮৮৫০৬৩০

নম্বর : ৩৬

তারিখ : ২৪ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ


বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ অর্থবছরে পরিচালন বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিশেষ অনুদান হিসেবে বরাদ্দকৃত অর্থ স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২০)” অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী এর ছাত্র-ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে (নীতিমালা www.shed.gov.bd তে পাওয়া যাবে)।


শর্তাবলি:

- (ক) ছাত্র-ছাত্রীবৃন্দ দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনা এবং শিক্ষা গ্রহণ কাজে ব্যয়ের জন্য আবেদন করতে পারবে। এ অনুদান প্রদানের ক্ষেত্রে দুস্থ, প্রতিবন্ধী, অসহায়, রোগগ্রস্থ, গরীব, মেধাবী ও অনগ্রসর এলাকার ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে;
- (খ) উক্ত খাতে মঞ্জুরি/অনুদান প্রাপ্তির জন্য আত্রহী ছাত্র-ছাত্রীকে আগামী ২৮/০২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে (www.shed.gov.bd) শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদানের আবেদন ফরম বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;
- (গ) স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ নম্বর প্রদান করতে হবে। আবেদনের সাথে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র অবশ্যই সংগ্রহ করতে হবে;
- (ঘ) ছাত্র-ছাত্রীদের জন্য বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং নগদের মাধ্যমে প্রদান করা হবে। সুতরাং অনলাইন আবেদনকালে নগদ লেনদেন চালু রয়েছে এমন ব্যক্তিগত মোবাইল নম্বর প্রদান করতে হবে। এজেন্ট নম্বর বা মার্চেন্ট নম্বর গ্রহণযোগ্য নয়;
- (ঙ) ২০২১-২০২২ অর্থবছরে যে সকল ছাত্র-ছাত্রী অনুদান পেয়েছে সে সকল ছাত্র-ছাত্রী এ বছর (চলতি ২০২২-২০২৩ অর্থবছর) আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবে না;
- (চ) প্রতিবন্ধীতার ক্ষেত্রে সংশ্লিষ্ট সমাজ কল্যাণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ‘প্রতিবন্ধী সনদ’ সংযুক্ত করতে হবে;
- (ছ) অসম্পূর্ণ আবেদন বা আবেদনের হার্ডকপি গ্রহণযোগ্য নয়।

প্রতিস্বাক্ষর


অধ্যক্ষ

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী


আহ্বায়ক

উপবৃত্তি কমিটি ২০২৩

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী